অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/5/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুয়েমো বর্তমান অর্থনৈতিক সক্ষমতা বিষয়ে বাজেট বিভাগের (DIVISION OF THE BUDGET, DOB) বিশ্লেষণের সাথে সামঞ্জস্য রেখে 15 মার্কিন ডলারের ন্যূনতম মজুরির অন্তর্ভূক্তি 2020 সালে অব্যাহত রাখার ঘোষণা দিয়েছেন

31 ডিসেম্বর, 2019 তারিখ থেকে বর্ধিত পরিমাণ কার্যকর হবে

ঘোষণাটি বাজেট বিভাগের প্রতিবেদন অনুসরণ করেছে যেটি ন্যুনতম মজুরি বৃদ্ধি পাবার পরিস্থিতিতে বেকারত্বের হার যে রেকর্ড পরিমাণ কম তা দেখিয়েছে

মজুরি বাড়ছে এবং ন্যূনতম মজুরি উপার্জনকারীদের খণ্ডকালীন কাজ করার শতকরা হার কমছে

বাজেট বিভাগ কর্তৃক পরিচালিত আইনগতভাবে বাধ্যতামূলক প্রতিবেদন নিউ ইয়র্কের বেকারত্বের হারকে রেকর্ড পরিমাণে পড়তির দিকে যাওয়ার, যা ন্যূনতম মজুরি বৃদ্ধি প্রতিটি অঞ্চলে শ্রম চাহিদার উপরে, যদিও পড়েও থাকে, তাহলেও একেবারে নগণ্য প্রভাব ফেলার ইঙ্গিত দেয়, এই ঘটনা আবিষ্কার করার পর গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ 15 মার্কিন ডলারের ন্যূনতম মজুরির অন্তর্ভূক্তি ডিসেম্বর 31, 2019 তারিখ থেকে কার্যকর হবার ঘোষণা দিয়েছেন। প্রতিবেদনের ফলাফলের উপর ভিত্তি করে, একটি সহনীয় গতিতে কর্মসংস্থান এবং মজুরির অব্যহত প্রবৃদ্ধি বিষয়ে বর্তমান দৃষ্টিভঙ্গি স্টেটের শ্রম বাজারকে 2020 সালের নির্ধারিত ন্যূনতম মজুরি বৃদ্ধিকে গ্রহণ করতে সহায়তা করে। 31 ডিসেম্বর, 2018 তারিখে, নিউ ইয়র্ক সিটিতে 11 বা তার অধিক কর্মী থাকা কোম্পানিগুলোর জন্য ন্যূনতম মজুরি প্রতি ঘন্টায় 15 মার্কিন ডলারে পৌঁছায়, আর এ বছর 10 বা তারও কম সংখ্যক কর্মী থাকা কোম্পানিগুলোর জন্য প্রতি ঘন্টায় 15 মার্কিন ডলারে পৌঁছে যাবে। লং আইল্যান্ড ও ওয়েস্টচেষ্টার-এ, প্রতি ঘন্টায় এটি 13 মার্কিন ডলারে বেড়ে দাঁড়াবে, আর বাকি স্টেটের বাকি অংশে প্রবৃদ্ধি অব্যাহত থাকলে 11.80 মার্কিন ডলারে পৌছাবে।

"নিউ ইয়র্ক অর্থনৈতিক ন্যায়বিচারের লড়াইয়ে নেতৃত্ব দিচ্ছে, ন্যূনতম মজুরি 15 মার্কিন ডলারে উন্নীত করার মাধ্যমে একটি জাতীয় উদাহরণ স্থাপন করছে," **গভর্নর কুওমো বলেন।** "আমরা নিউ ইয়র্ককে 15 মার্কিন ডলারের ন্যূনতম মজুরি অর্জনের পথে নিয়ে যাবার যাত্রার প্রায় তিন বছর পরে, আমরা সুবিধাগুলো দেখছি: বেকারত্বের রেকর্ড পরিমাণ কম হার, আরও কম মানুষের দারিদ্র্যতার মধ্যে বসবাস করা, খণ্ডকালীন চাকরিতে অনেক কম লোক এবং উপযুক্ত জীবন যাপনের উদ্দেশ্যে আরও বেশি পরিবারকে সুযোগ দেয়া হয়েছে। নিউ ইয়র্কে আমরা একটি ন্যায্য দিনের

কাজের জন্য একটি ন্যায্য দিনের বেতনে বিশ্বাস করি, এবং যতক্ষণ না পরিশ্রমী প্রতিটি নিউ ইয়র্কবাসীকে তাদের প্রাপ্য ন্যায্য মজুরি প্রদান করা হবে ততক্ষণ আমরা লড়াই বন্ধ করবো না।"

প্রতিটি অঞ্চলের অর্থনীতির অবস্থা পর্যালোচনা করার মাধ্যম হিসেবে কাজ করার উদ্দেশ্যে বাজেট বিভাগের তৈরি করা এই রিপোর্টটি ন্যূনতম মজুরির আইন কর্তৃক বাধ্যতামূলক এবং এই বৃদ্ধি করাটি যেভাবে নির্ধারিত হয়েছে সেভাবে অগ্রসর হওয়া উচিত নাকি বিলম্ব করা উচিত তা নির্ধারনের উদ্দেশ্যে ন্যূনতম মজুরির প্রভাব বৃদ্ধি করে।

বাজেটের ন্যূনতম মজুরি প্রতিবেদনের বিভাগ থেকে প্রাপ্ত মূল অনুসন্ধানগুলির মধ্যে রয়েছে:

- মৌসুমগতভাবে সামঞ্জস্য করার ভিত্তিতে 2018 এর সেপ্টেম্বরে, স্টেটের বেকারত্বের হার ইতিহাসের সবচেয়ে নীচে 3.8-এ নেমে আসে এবং তখন থেকে এই ইতিহাসের নীচে বা তার কাছাকাছি থেকে গিয়েছে।
- 2019-এর প্রথম 10 মাস ধরে স্টেটের বেকারত্বের হার গড়ে 4 শতাংশ করে থেকেছে, আর সেই প্রবণতা যদি বাকি দুই মাস ধরে অব্যাহত থাকে, তাহলে বার্ষিক গড়ের ভিত্তিতে 70 দশকের পর 2019 সবচেয়ে কম রেকর্ডের প্রতিনিধিত্ব করবে।
- 2019 সালে 1.4 শতাংশ প্রবৃদ্ধির পর, 2020 সালে বেসরকারী খাতের চাকরি স্থিতিশীল গতিতে 1.2 শতাংশ বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে।
- ন্যূনতম মজুরি বৃদ্ধির মাধ্যমে, নিউইয়র্ক স্টেটের মজুরি বাড়ছে। আমেরিকা যুক্তরাষ্ট্রের আদমশুমারি ব্যুরো (U.S. Census Bureau) অনুসারে নিউ ইয়র্ক স্টেটের পারিবারিক আয়ের পরিমাণ দেশব্যাপী মাত্র 0.8 শতাংশের বিপরীতে 2018 সালে 2.5 শতাংশ বেড়েছে।
- সংকটপূর্ণ শ্রমবাজারের মধ্যেও নিউ ইয়র্ক স্টেটের মজুরি বাড়তে থাকবে বলে আশা করা হচ্ছে।
- 2020 সালে ন্যূনতম মজুরির শ্রমিকের সংখ্যা প্রায় 1.5 মিলিয়ন হবার সম্ভাবনার কথা বলেয়া হচ্ছে যেটি কর্মীবাহিনীর 16.4 শতাংশ, যা ধারনা দেয় যে 2013 সালের পর স্টেটের বর্ধনশীল ন্যূনতম মজুরি থেকে নিউ ইয়র্ক স্টেটের এক মিলিয়নেরও বেশি কর্মী উপকৃত হবেন।
- খণ্ডকালীন কর্মীদের শতকরা হার 2009 সালের 52.1 শতাংশ থেকে কমে 2020 সালে 41.2 শতাংশে নেমে আশার কথা ধারনা করা হচ্ছে।
- ন্যূনতম মজুরির কর্মীদের বয়স বাড়েছে এবং পুরো সময় কাজ করার সম্ভাবনা বেশি। 2020 সালের মধ্যে 16-24 বছর বয়সী কর্মীদের পরিমাণ 2009 সালের 41.4 থেকে কমে 31.3-তে আসার সম্ভাবনার কথা বলা হচ্ছে।

গভর্নর কুওমো অর্থনৈতিক ন্যায্যতা ফিরিয়ে আনতে 15 ডলারের ন্যূনতম মজুরির আইন প্রণয়ন, দেশের সবচেয়ে শক্তিশালী সুরক্ষিত-চাকরি সবেতনে পারিবারিক ছুটির কর্মসূচি কার্যকর করা এবং সুপ্রিম কোর্টের বিধ্বংসী "জানুস" সিদ্ধান্তের পরে স্থানীয় ও স্টেট সরকারের সরকারী খাতের কর্মীদের সুরক্ষা বৃদ্ধি সহ, প্রথম দায়িত্ব গ্রহণের পর থেকে নিউইয়র্ক স্টেটের কর্মজীবী পরিবারগুলোতে অর্থনৈতিক সমতা এবং সামাজিক ন্যায়বিচার পুনরুদ্ধার করার জন্য কাজ করেছেন। এই বছর,

গভর্নর খামার শ্রমিক খসড়া আইন (Farm Workers Bill) প্রনয়ণ করে, নিউ ইয়র্কের হাজার হাজার খামার শ্রমিকদের সম্মিলিতভাবে শর্ত আরোপের এবং অন্যান্য গুরুত্বপূর্ণ সুরক্ষার অধিকার প্রদান করার মাধ্যমে এই ঐতিহাসিক অগ্রগতির ধারা অব্যাহত রেখেছেন।

সাধারণ ন্যূনতম মজুরি হারের সময়সূচী						
অবস্থান	12/31/16	12/31/17	12/31/18	12/31/19	12/31/20	2021*
নিউ ইয়র্ক শহর - বড় নিয়োগকর্তা (11 বা তার বেশি)	11.00 মার্কিন ডলার	13.00 মার্কিন ডলার	15.00 মার্কিন ডলার			
নিউ ইয়র্ক শহর - বড় নিয়োগকর্তা (10 বা তার কম)	10.50 মার্কিন ডলার	12.00 মার্কিন ডলার	13.50 মার্কিন ডলার	15.00 মার্কিন ডলার		
লং আইল্যান্ড বা ওয়েস্টচেস্টার	10.00 মার্কিন ডলার	11.00 মার্কিন ডলার	12.00 মার্কিন ডলার	13.00 মার্কিন ডলার	14.00 মার্কিন ডলার	15.00 মার্কিন ডলার
বাকি নিউ ইয়র্ক স্টেটের কর্মী	9.70 মার্কিন ডলার	10.40 মার্কিন ডলার	11.10 মার্কিন ডলার	11.80 মার্কিন ডলার	12.50 মার্কিন ডলার	*

*প্রভাবের বার্ষিক পর্যালোচনার পর শ্রম দপ্তরের সাথে পরামর্শের ভিত্তিতে বাজেট বিভাগের ডিরেক্টির কর্তৃক স্থাপন করা একটি ইনডেক্স শিডিউলের ভিত্তির করে ভবিষ্যৎ বৃদ্ধি হবে।

15 মার্কিন ডলার সর্বনিম্ন বেতনের অন্তর্ভূক্তি

- 15 মার্কিন ডলার সর্বনিম্ন বেতন আইনটি 2016-17 স্টেট বাজেটের অংশ হিসেবে পাশ করানো হয়েছিল, এবং নিউ ইয়র্ক স্টেটের কর্মজীবী পরিবারগুলির জন্য অর্থনৈতিক ন্যায্যতা প্রতিষ্ঠা করতে গভর্নরের প্রচেষ্টার জন্য এটি একটি বিশাল অর্জন। অঞ্চলভেদে ফেজ-ইন সময়সূচি নিম্নরূপঃ
- নিউ ইয়র্ক শহরের বড় নিয়োগকর্তাদের (যাদের কমপক্ষে 11 জন কর্মী আছে) জন্য কাজ করা কর্মীদের জন্য, 2016 সালের শেষে সর্বনিম্ন বেতন বেড়ে 11 মার্কিন ডলার হয়েছিল, এরপর প্রতি বছর 2 মার্কিন ডলার করে বৃদ্ধি পেয়ে 12/31/2018 এ 15 মার্কিন ডলার হবে।

- নিউ ইয়র্ক শহরের ছোট ব্যবসায়ের (যাদের 10 জন বা তার কম কর্মী আছে) জন্য কাজ করা কর্মীদের জন্য, 2016 সালের শেষে সর্বনিম্ন বেতন বেড়ে 10.50 মার্কিন ডলার হয়েছিল, এরপর প্রতি বছর 1.50 মার্কিন ডলার করে বৃদ্ধি পেয়ে 12/31/2018 এ 13.50 মার্কিন ডলার হবে, এবং 12/31/2019 এ আরো বৃদ্ধি পেয়ে 15 মার্কিন ডলার হবে।
- নাসাউ, সাফলোক এবং ওয়েস্টচেষ্টার কাউন্টির কর্মীদের জন্য, 2016 সালের শেষে সর্বনিম্ন বেতন বেড়ে 10 মার্কিন ডলার হয়েছিল, এরপর প্রতি বছর 1 মার্কিন ডলার করে বৃদ্ধি পেয়ে 12/31/2018 এ 12 মার্কিন ডলার হবে, এবং 12/31/2021 এ আরো বৃদ্ধি পেয়ে 15 মার্কিন ডলার হবে।
- বাকি নিউ ইয়র্ক স্টেটের কর্মীদের জন্য, 2016 সালের শেষে সর্বনিম্ন বেতন বেড়ে 9.70 মার্কিন ডলার হয়েছিল, এরপর প্রতি বছর 0.70 মার্কিন ডলার করে বৃদ্ধি পেয়ে 12/31/18 এ 11.10 মার্কিন ডলার হবে, এবং 12/31/2020 এ আরো বৃদ্ধি পেয়ে 12.50 মার্কিন ডলার হবে ০ এরপর সর্বনিম্ন বেতন শ্রম অধিদপ্তরের পরামর্শে বাজেট ডিভিশনের (Division of Budget) ডিরেক্টরের নির্ধারিত ইনডেক্সড শিডিউল অনুযায়ী 15 মার্কিন ডলার হওয়া পর্যন্ত বৃদ্ধি পেতে থাকবে।

আরো তথ্য পাওয়া যাবে এখানে www.ny.gov/minimumwage।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন